গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক এর কার্যালয়
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
ইমেইল: dmch@hospi.dghs.gov.bd

স্মারক নং- ঢামেকহা/ প্রশা/নিয়োগ/১১-২০গ্রেড/২০২৫/ ১৮৭৩৬ তারিখ: ১৫/১১/২০২৫ খ্রি:।

# বিজ্ঞপ্তি

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকার গত **৩১.১০.২০২৫** ও **০৭.১১.২০২৫** খ্রি: তারিখ ১১-২০তম গ্রেডের (পূর্বতন- ৩য় ও ৪র্থ শ্রেণি) বিভিন্ন পদে জনবল নিয়োগ পরীক্ষা-২০২৫ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ রোল নম্বরধারী প্রার্থীদের ঢাকা মেডিকেল কলেজ হসপাতাল, ঢাকায় নিম্নোক্ত তারিখ ও সময়সুচি অনুযায়ী মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে:

| তারিখ ও সময় | পদের নাম | রোল নম্বর |
|---|---|---|
| ২৫ নভেম্বর ২০২৫ সকাল: ৯:০০ঘটিকা | ওয়ার্ড মাস্টার | 1400048 1400134 1400250 1400282 1400310 1400316 1400333 1400427 1400546 1400570 1400585 1400650 1400661 1401063 1401127 1401247 1401300 1401336 1401379 1401481 1401538 1401710 1401869 1401937 1401962 1401971 1401999 = **২৭ (সাতাশ) জন** |
| | ক্যাশিয়ার | 1500039 1500071 1500080 1500150 1500182 1500191 1500204 1500241 1500244 1500318 1500403 1500404 1500495 = ১৩ (তেরো) **জন** |
| ২৬ নভেম্বর ২০২৫ সকাল: ৯:০০ঘটিকা | টেলিফোন অপারেটর | 1600001 1600003 1600010 1600024 1600035 1600073 = **০৬ (ছয়) জন** |
| | পরিসংখ্যানবিদ | 1700068 1700069 1700075 1700084 1700086 1700102 1700109 = **০৭ (সাত) জন** |
| | স্টোর কিপার | 1900012 1900018 1900044 1900089 1900095 1900192 1900193 1900203 = **০৮ (আট) জন** |
| | লিনেন কিপার | 2000013 2000032 2000055 2000060 2000123 2000175 2000208 2000230 2000239 2000240 2000266 2000268 2000275 2000279 2000291 = **১৫ (পনেরো) জন** |
| | ইন্সট্রুমেন্ট কেয়ার টেকার | 2100002 2100007 2100017 = ০৩ (তিন) জন। |
| ২৭ নভেম্বর ২০২৫ সকাল: ৯:০০ঘটিকা | ইলেকট্রিশিয়ান | 2200012 2200015 2200016 2200023 2200024 2200031 2200032 2200038 2200041 2200044 2200050 2200056 2200083 =১৩ (তেরো) জন। |
| | টেইলর | 2400001 2400007 2400008 2400016 2400022 2400035 2400036 2400052 2400062 2400064 2400084 2400087 2400089 2400092 2400102 2400108 2400109 2400119 2400121 2400133 2400134 2400140 2400158 2400167 2400180 2400182 2400184 2400185 = **২৮ (আটাশ) জন** |
| ২৯ নভেম্বর ২০২৫ সকাল: ৯:০০ঘটিকা | ফিজিওথেরাপিস্ট | 1100009 1100136 1100178 1100187 = **০৪(চার) জন।** |
| | কার্পেন্টার | 2300002 2300003 2300004 2300009 2300016 2300019 2300020 2300022 2300029 2300032 = **১০ (দশ) জন** |
| | অফিস সহায়ক | 2500034 2500168 2500184 2500207 2500329 2500441 2500523 2500554 2500555 2500607 2500775 2500789 2500852 2500945 2500951 2501065 2501159 2501199 2501291 2501368 2501461 2501464 2501717 2501735 2501917 2501987 2502000 2502029 2502102 = **২৯ (উনত্রিশ) জন** |

২. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা Applicant's Copy ডাউনলোড করে সংগ্রহ করবেন। নিয়োগ বিজ্ঞপ্তিতে সকল অনুচ্ছেদে বর্ণিত কাগজপত্রসমূহ মৌখিক পরীক্ষার দিন সংশ্লিষ্ট পরীক্ষার বোর্ডে ৩০ মিনিট পূর্বে জমা দিতে হবে। Admit Card এবং Applicant's Copy কপি মৌখিক পরীক্ষার সময় অবশ্যই জমা দিতে হবে।

চলমান পাতা/০২

৩. নির্ধারিত অনলাইন ফরম Applicant's Copy রঙ্গিন কপির সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় সনদপত্র/ ডকুমেন্টস এর ০২(দুই) সেট সত্যায়িত কপি মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে এবং মূল সনদপত্রসমূহ বোর্ডে প্রদর্শন করতে হবে।
**[নিম্নের ক্রমনম্বর অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিটি ডকুমেন্ট এর ওপর সংশ্লিষ্ট ডকুমেন্ট এর ক্রমনম্বর লিখতে হবে]**

৩.১ প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনধিক ০৩(তিন) মাস পূর্বে তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি Applicant's Copy এর ওপরে বাম পাশে স্ট্যাপ্লারের সাহায্যে সংযুক্ত করতে হবে।

৩.২ আবেদনকালীন সময়ের ডাউনলোডকৃত Admit Card রঙ্গিন কপি সংযুক্ত করতে হবে।

৩.৩ শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল/ সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি।

৩.৪ বয়স প্রমাণের ক্ষেত্রে শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/ সমমানের পরীক্ষার মূল/ সাময়িক সনদের সত্যায়িত কপি। "ও লেভেল" এবং "এ লেভেল" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ। উল্লেখ্য, **বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।**

৩.৫ প্রার্থীর এনআইডি/ জন্ম নিবন্ধনের (যে কোন একটি অবশ্যই) সত্যায়িত কপি

৩.৬ চারিত্রিক সনদপত্র ও নাগরিকত্ব সনদপত্রের মূল কপি

৩.৭ বর্তমানে কোন সরকারী/ আধা সরকারী/ স্বায়ত্তশাসিত/ স্থানীয় সরকার সংস্থার চাকরিতে নিযুক্ত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের (Clearance Certificate) সত্যায়িত কপি।

৩.৮ কম্পিউটার/ অন্যান্য প্রশিক্ষণ এর সনদপত্রের সত্যায়িত কপি (যদি থাকে)

৩.৯ অভিজ্ঞতা (যদি থাকে)

৩.১০ মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/ মাতার মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি। সেক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে:
(ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬.০২.২০০২ তারিখের মু:বি:ম:/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/ মাতার যুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ
এবং
(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ০১.০২. ২০০৯ তারিখের মু:বি:ম:/সনদ-১/প্র-৩/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং যুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/ মাতার মুক্তিযোদ্ধা সনদ।

৩.১১ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠি সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত কপি।

৩.১২ প্রার্থী শারীরিক প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/ সমমর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধি সনদের সত্যায়িত কপি অথবা সমাজ সেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত "সুবর্ণ নাগরিক কার্ড" এর সত্যায়িত কপি এবং তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সারজন কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

৩.১৩ প্রার্থী কর্তৃক অবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা যদি ইত:পূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় হবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে এনআইডি বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ ওয়ার্ড কমিশনার/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন চেয়ারম্যান/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি জমা দিতে হবে।

৪. কোনো প্রার্থীর নামে ঢাকা মেডিকেল কলেজ হতে ডাকযোগে মৌখিক পরীক্ষার সাক্ষাতকারপত্র প্রেরণ করা হবে না। মৌখিক পরীক্ষার দিন ৩০ মিনিট পূর্বে সাক্ষাতকারপত্র হাতে হাতে দেয়া হবে এবং পরীক্ষার সময়সূচি অনুযায়ী প্রার্থীর জন্য নির্ধারিত মৌখিক পরীক্ষার তারিখ, পদের নাম ও রোল নম্বর সাক্ষাৎকার পত্রের নির্ধারিত স্থানে প্রার্থী স্বহস্তে লিখবেন। মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারপত্রে বর্ণিত সকল কাগজপত্র এবং সাক্ষাতকারপত্রসহ প্রার্থী ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে 'মৌখিক পরীক্ষা বোর্ডে' উপস্থিত হবেন।

৫. ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার ভ্রমণভাতা বা অন্য কোনো ভাতা প্রদান করা হবে না।

৬. মৌখিক পরীক্ষার তারিখ পরিবর্তন পূর্বক নতুন তারিখ নির্ধারণের ক্ষেত্রে বিভাগীয় নির্বাচন কমিটি ক্ষমতা সংরক্ষণ করেন। কোন অবস্থাতেই মৌখিক পরীক্ষার তারিখ পরিবর্তনের ক্ষেত্রে প্রার্থীর কোন অপশন গ্রহণযোগ্য নয়।

২৫/১১/২৫

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আসাদুজ্জামান
পরিচালক
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি